

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬১৩

80/ ঈप्रान (کتاب الإيمان عن رسول الله الله کاله)

পরিচ্ছেদঃ ঈমানের পরিপূর্ণতা এবং এর হ্রাস-বৃদ্ধি।

باب مَا جَاءَ فِي اسْتِكْمَالِ الإِيمَانِ وَزِيَادَتِهِ وَنُقْصَانِهِ

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعِ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةً، حَدَّثَنَا خَالِدٌ الْحَذَّاءُ، عَنْ أَبِي قِلاَبَةً، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ مِنْ أَكْمَلِ قِلاَبَةً، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ مِنْ أَكْمَلِ الْمُوْمِنِينَ إِيمَانًا أَحْسَنُهُمْ خُلُقًا وَأَلْطَفُهُمْ بِأَهْلِهِ ". وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَنسِ بْنِ مَالِكُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَلاَ نَعْرِفُ لأَبِي قِلاَبَةَ سَمَاعًا مِنْ عَائِشَةَ . وَقَدْ رَوَى أَبُو قِلاَبَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ رَضِيعٌ لِعَائِشَةَ عَنْ عَائِشَةَ غَيْرَ هَذَا الْحَدِيثِ وَأَبُو رَوَى أَبُو قِلاَبَةَ عَنْ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدٍ الْجَرْمِيُّ . حَدَّثَنَا ابْنُ أَبِي عُمرَ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ قَالَ وَلاَبَةَ السَّمُهُ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدٍ الْجَرْمِيُّ . حَدَّثَنَا ابْنُ أَبِي عُمرَ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ قَالَ وَكَرَ أَيُّوبُ السَّخْتِيَانِيُّ أَبَا قِلاَبَةَ فَقَالَ كَانَ وَاللَّهِ مِنَ الْفُقَهَاءِ ذَوِي الأَلْبَابِ .

#### বাংলা

২৬১৩. আহমদ ইবন মানী' আল-বাগদাদী (রহঃ) ...... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূল্ল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঈমানের দিক থেকে পরিপূর্ণ মু'মিন ব্যক্তি হল সে ব্যক্তি যার আখলাক ও চরিত্র সুন্দর এবং যে ব্যক্তি স্বীয় পরিবারের প্রতি অধিক দয়ার্দ্র। যঈফ, সহীহাহ ২৮৪ হাদীসের আওতায়, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬১২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ হুরায়রা ও আনাস ইবন মালিক (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান। আবৃ কিলাবা (রহঃ) আয়িশা (রাঃ) থেকে সরাসরি হাদীস শুনেছেন বলে আমাদের জানা নেই। আবৃ কিলাবা (রহঃ) আয়িশা (রাঃ) এর দুধ ভাই আবদুল্লাহ্ ইবন ইয়াযীদ-এর বরাতে আয়িশা (রাঃ) থেকে অন্যান্য হাদীস রিওয়ায়ত করেছেন। আবৃ কিলাবা (রহঃ) এর নাম হল আবদুল্লাহ্ ইবন যায়দ আল-জারমী (রহঃ)।

ইবন আবূ উমর (রহঃ) বর্ণনা করেন যে, সুফইয়ান ইবন উওয়ায়না (রহঃ) বলেন, আয়ূাব আস-সিখতিয়ানী (রহঃ) আবূ কিলাবা (রহঃ) এর আলোচনার প্রসঙ্গে বলেছেন। আল্লাহর কসম, তিনি ছিলেন, প্রজ্ঞাবান ফকীহগণের একজন।



# **English**

### Narrated 'Aishah:

that the Messenger of Allah (ﷺ) said: "Indeed among the believers with the most complete faith is the one who is the best in conduct, and the most kind to his family."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন